

## স্মৃতি থেকে নেওয়া)

1. 'নন্দিনী নিকটে তোমার গো।'—কার লেখা কোন কবিতায় কে কাকে একথা বলেছে? 'নন্দিনী'র পরিচয় দিয়ে তার 'নিকটে' আসার তাৎপর্য সংক্ষেপে লিখুন।
2. 'বঙ্গে মণিকাঙ্কনের যোগ হইল।'—কোন রচনায় কে একথা বলেছেন? 'মণিকাঙ্কনের যোগ' কথাটির অর্থ কী এবং বঙ্গে কীভাবে তা সম্ভব হল?
3. 'এসো, আমরাও এই বাণী উচ্চারণ করে বেদির সম্মুখে উপস্থিত হই।'—কোন রচনায় কার এই আহ্বান? 'বাণী'টি কী এবং কোন্ তাৎপর্যে সেটি উচ্চারণের কথা বলা হয়েছে?
4. 'স্ববদার বড়োবাবু, বেইমান কয়ো না।'—কার লেখা কোন রচনায় কে কাকে একথা বলেছে? বস্তুর চরিত্রবৈশিষ্ট্য সংক্ষেপে লিখুন।
5. 'The fakeer of jungheera'; 'Visions of the Past', 'Govinda Samanta', 'Creative Unity'—গ্রন্থ চারটির প্রকাশ সাল সহ রচয়িতাদের নাম লিখুন।
6. 'গৌড়েশ্বর দিলা নাম গুণরাজ খান।'—গৌড়েশ্বর ও গুণরাজ-খানের প্রকৃত নাম কী? গুণরাজ খান লিখিত কাব্যের নাম ও কাব্যরচনাকাল-বাচক শ্লোকটি লিখুন।
7. 'পাখি সব করে রব'—পঙ্কজিতি কোন কবিতায় কে উদ্ভূত করেছেন? কার লেখা কোন গ্রন্থে উদ্ভূত মূল পঙ্কজিতি আছে?
8. ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যটির অংশবিশেষ প্রথম কার লেখা কোন গ্রন্থে কবে মুদ্রণ রূপ পায়? উক্ত কাব্যের কয়টি খন্ড এবং খন্ডগুলির নাম কী?
9. 'কিছু ভয়ানক পাপ করেছে তুমি।'—কার লেখা কোন রচনাংশে কার প্রতি এই উক্তি? 'পাপ' কর্মটি কী?
10. 'William Beebe তাঁর...গ্রন্থে একটি অমূল্য উপদেশ দিয়েছেন।' William Beebe কোন্ দেশের লেখক এবং তাঁর কোন্ গ্রন্থে অমূল্য উপদেশটি আছে? উপদেশটি লিখুন।
11. হরপ্রসাদ শাস্ত্রী সম্পাদিত 'হাজার বছরের পুরান বাংলা ভাষায় বোধ গান ও দোহা' গ্রন্থে মোট কয়টি পুঁথি কী কী নামে মুদ্রিত হয়েছিল? নেপাল রাজ-গ্রন্থাগারে প্রাপ্ত পুঁথিটিতে এবং প্রবোধচন্দ্র বাগচী আবিষ্কৃত তার তিব্বতী অনুবাদে চর্যাগীতির কী নাম পাওয়া যায়।
12. ঠকচাচা, প্রসন্ন গোয়ালিনী, অমূল্য, নতুন দাদা, বসন, হোসেন মিঞা, যুগলপ্রসাদ ও বিলু—এই চরিত্রগুলি কার লেখা কোন গ্রন্থে আছে?
13. অন্যধিক তিনটি বাক্যে সাংকেতিক নাটকের লক্ষণ নির্দেশ করে রবীন্দ্রনাথ রচিত একটি সাংকেতিক নাটকের নাম লিখুন।
14. 'আয় চলে আয়, রে ধুমকেতু, / আঁধারে বাঁধ অগ্নিসেতু' ইত্যাদি কবিতাটি কার সম্পাদিত কোন পত্রিকার প্রথম পৃষ্ঠায় শিরোনামে মুদ্রিত হই? পত্রিকাটি প্রথম কবে প্রকাশিত হয় এবং কবিতাটির রচয়িতা কে?
15. ১৮০০, ১৮৪৩, ১৮৬১, ১৮৭২—বাংলা সাহিত্যের ইতিহাসে কী কী কারণে সালগুলি গুরুত্বপূর্ণ?
16. আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্য কী? এই শ্রেণির দুটি উপন্যাসের নাম লিখুন।
17. বিদ্যালয়ের প্রাথমিক স্তরে বাংলা, সংস্কৃত ও ইংরাজি ভাষা শিক্ষার জন্যে রবীন্দ্রনাথ লিখিত চারটি গ্রন্থের নাম ও প্রকাশকাল লিখুন।
18. 'ছোটগল্পের আদি ও অন্তের মাঝখানে বিশেষ একটা হেদ থাকে না,—ওর আকৃতিটা গোল।'—কে কোথায় 'ছোটগল্পের' এই বৈশিষ্ট্যের কথা বলেছেন? এই ধরনের বৈশিষ্ট্যযুক্ত দুটি ছোটগল্পের নাম লিখুন।
19. 'কমলাকান্তের দপ্তর' কী জাতীয় গ্রন্থ গ্রন্থ? 20. 'গীতের যে উদ্দেশ্য, যে কাব্যের সেই উদ্দেশ্য, তাহাই গীতিকাব্য।'—কোন গ্রন্থে কে এই মতের প্রবক্তা? বাংলা গীতিকাব্যের ধারায় 'ভোরের পাখি' রচিত একটি গীতিকাব্যের নাম প্রকাশকালসমূহ লিখুন।
21. 'মন্দির' শব্দের ব্যুৎপত্তিগত মূল অর্থ কী? বর্তমানে বাংলা ভাষায় এই শব্দটি যে অর্থে ব্যবহৃত হয় তা পরিবর্তিত অর্থ। এখানে অর্থ পরিবর্তনের কোন নিয়ম কাজ করেছে তা নির্ণয় করুন।
22. 'জটিল' শব্দের মূল অর্থ 'জটযুক্ত'। দুটি জটিল বাক্যের উদাহরণ দিয়ে দেখান বাক্যদুটিতে কোথায় কোথায় জট আছে।
23. বাংলার কোন কথ্য উপভাষায় 'অভিশ্রুতি'-র ব্যবহার দেখা যায়? এই কথ্য উপভাষা জলপাইগুড়ি, পুন্ডুলিয়া ও নদীয়া—এই তিন জেলার মধ্যে কোন জেলায় প্রচলিত?
24. 'খাওয়া' এই ধাতু থেকে গঠিত চারটি ক্রিয়াপদকে ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহার করে চারটি বাক্য লিখুন।
25. বাংলায় যুক্ত ক্রিয়া ও যৌগিক ক্রিয়ার পার্থক্য উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।
26. চিহ্নিত পদগুলির প্রকৃতি প্রত্যয় নির্ণয় করুন : (ক) বাংলা ভাষায় অনেক ভাব সহজে ব্যক্ত করিতে পারে যায় না। (খ) আরও বহুত টাকা শহুরি ঢঙে... দেয়াল-ওলা টাইলের চারখানা বড়ো ঘরের জন্য (ভাইকে পাঠাল)।
27. উপপত্তি অনুসারে নীচের শব্দগুলির বাগ্য নির্ণয় করুন : তালিকা, সততা, (মাথা) হেঁটে, চালচলন।
28. 'সাধু ভাষা'—ভাষার এই 'সাধু' নামকরণের কারণ কী? সাধুভাষার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করুন।
29. বিভক্তি ও অনুসর্গের মধ্যে মিল ও অমিল কোথায় তা উপযুক্ত উদাহরণসহ ব্যাখ্যা করুন।
30. 'অর্থব্রীহি' শব্দটির সাধারণ অর্থ কী? শব্দটি ব্যাকরণে একটি সমাসের নাম হিসাবে কেন ব্যবহৃত হয় তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।